# 2024

## BENGALI

( Honours Generic/Regular Course )

Paper : BEN–HG/RC–4016

**( Kuri Sataker Sahitya Path )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প-সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের বাড়ির চাকর শ্যামের বাড়ি কোথায় ছিল?

*(i)* খুলনায়

*(ii)* ঢাকায়

*(iii)* রংপুরে

*(iv)* যশোরে

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের সেজদাদার নাম কী?

(i) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(ii) দেবেন্দ্রনাথ ঠাকুর

(iii) হেমেন্দ্রনাথ ঠাকুর

(iv) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ ঠাকুর যাকে 'ওস্তাদ শিকারী' বলেছিলেন তার নাম

(i) বিশ্বনাথ

(ii) ব্রজেশ্বর

(iii) আব্দুল মাঝি

(iv) সোভারাম

(ঘ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

"_____ জন পুরুষ আর মেয়ে কুর্মি কুলি চাপা পড়েছে।"

(i) পঞ্চাশ

(ii) সত্তর

(iii) আশি

(iv) নব্বই





(ঙ) তারানাথ রায়ের মেয়ের নাম কী?

(i) অনুপমা

(ii) শীলা

(iii) বেলা

(iv) বীণা

(চ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

"_____ গঞ্জের সুতাকলে কাম করি।"

(i) পাহাড়

(ii) মানিক

(iii) করিম

(iv) নারাইণ

(ছ) বাঞ্ছারাম কাপালির সাজানো বাগানের ভূমির পরিমাণ কতটা ছিল?

(i) দশ বিঘে আট ছটাক

(ii) এগার বিঘে বারো ছটাক

(iii) বারো বিঘে তেরো ছটাক

(iv) ষোল বিঘে তেরো ছটাক

(জ) বাঞ্ছারামের নাতির নাম কী?

(i) গুপি

(ii) ছকড়ি দত্ত

(iii) কোঁৎকা

(iv) নকড়ি দত্ত

(ঝ) 'সাজানো বাগান' নাটকটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(i) ১৯৭২

(ii) ১৯৭৫

(iii) ১৯৭৬

(iv) ১৯৭৮

(ঞ) গুপির বাবার নাম কী?

(i) নরেন্দর

(ii) হরেন্দর

(iii) বিপিন্দর

(iv) মণিন্দর





২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "ও যেন সমুদ্রের মাঝখানে দ্বীপ, আর আমি ছুটির দিনের রবিন্‌সন ক্রুসো।" উক্তিটির বক্তা কে? 'ও' বলতে কার কথা বলা হয়েছে, লেখো।

(খ) "যেমন চাষা তার তেমনি বলদ।" উক্তিটিতে উল্লেখিত চাষা ও বলদের নাম কী ছিল, লেখো।

(গ) "পয়সাটা তুলে নাও, পয়সাটা তোমাকেই দিলাম।" উক্তিটি কোন্ গল্পের অন্তর্গত এবং উক্তিটির বক্তা কে?

(ঘ) নকড়ি দত্তের দুই ছেলের নাম লেখো।

(ঙ) "তোমার ওই সাজানো বাগান আমি শ্মশান করে ছেড়ে দেবো!" উক্তিটির বক্তা কে? যাকে উদ্দেশ্য করে উক্তিটি করা হয়েছে তার নাম কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "তখনকার আতিথ্য ছিল খোলা দরজার। চেনাশোনার খোঁজখবর নেবার বিশেষ দরকার ছিল না।" উদ্ধৃতিটির মধ্য দিয়ে রবীন্দ্রনাথ ঠাকুর তখনকার যে আতিথ্যের কথা বলতে চেয়েছেন তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

(খ) টীকা লেখো :

ব্রজেশ্বর

(গ) "নে শিগ্‌গির করে একটু খেয়ে নে বাবা।" উক্তিটির বক্তা কে? যাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে তার সঙ্গে বক্তার সম্পর্কের স্বরূপ স্পষ্ট করো। ১+৪=৫

(ঘ) টীকা লেখো :

দুলাল মাহাতো

(ঙ) "আমার বাবারে ভাঁওতা মেরেছে।" উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে, কেন এই কথা বলা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১+৪=৫

(চ) নকড়ি চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ ঠাকুরবাড়ির গান শেখার প্রসঙ্গে যা যা বলেছেন তা বিশদে লেখো।

(খ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ ঠাকুর 'জ্যোতিদাদা' সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন তা নিজের ভাষায় লেখো।

(গ) 'দুধের দাম' গল্পের বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) 'অভিনেত্রী' গল্প অবলম্বনে অনুপমা চরিত্রটির বিশেষত্ব বুঝিয়ে লেখো।

(ঙ) 'আদাব' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।





(চ) 'সাজানো বাগান' নাটকের দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় দৃশ্যের ঘটনা নিজের ভাষায় লেখো।

(ছ) 'সাজানো বাগান' নাটক অবলম্বনে বাঞ্ছারাম কাপালি চরিত্রটি আলোচনা করো।

(জ) 'সাজানো বাগান' নাটকের নামকরণ সম্পর্কে তোমার সুচিন্তিত অভিমত ব্যক্ত করো।

★★★